

Date: 24/12/2025

Time: 1-30 P.M

বিশেষ বিশেষ খবর –

- ১/ ভারতীয় মহাকাশ গবেষণা সংগঠন ইসরোর মাধ্যমে আজ, ‘ক্ল বার্ড ক্লক টু’ যোগাযোগ উপগ্রহ শ্রীহরিকোটা থেকে সফলভাবে উৎক্ষেপণ করেছে। # প্রধানমন্ত্রী বলেছেন, ভারতের যুব সমাজের নেতৃত্বে এই কর্মসূচীকে আরো উন্নত ও প্রভাব বিস্তারকারী করে তোলা হয়েছে।
- ২/ কেন্দ্রীয় কৃষিমন্ত্রী বলেছেন, ‘বিকশিত ভারত: জি রাম জি’ প্রকল্প, গ্রামাঞ্চলে বিধিবদ্ধ মজুরী কর্মসংস্থানের গ্যারান্টি, ১২৫ দিন পর্যন্ত বৃদ্ধি করেছে।
- ৩/ মার্কিন প্রশাসন, H1B work visa বাছাই করার প্রক্রিয়ায় বড় পরিবর্তন আনতে চলেছে।
- ৪/ রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের জরুরি এক অধিবেশনে কয়েকটি সদস্য রাষ্ট্র মার্কিন যুক্তরাষ্ট্র ও ভেনেজুয়েলার মধ্যে ক্রমবর্ধমান উত্তেজনার আবহে কূটনৈতিক স্তরে আলাপ আলোচনা চালিয়ে যাবার আহ্বান জানিয়েছে।
- ৫) হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গ সহ উত্তর-পূর্ব ভারতের একাধিক রাজ্যে ভারী কুয়াশার পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর।

ভারতীয় মহাকাশ গবেষণা সংগঠন ইসরো, নিউ স্পেস ইন্ডিয়া লিমিটেডের মাধ্যমে আজ ‘ক্ল বার্ড ক্লক টু’ যোগাযোগ উপগ্রহের সফল উৎক্ষেপণ করেছে। শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্রের দ্বিতীয় লঞ্চ প্যাড থেকে সকাল ৮ টা বেজে ৫৪ মিনিটে ভারতের সবচেয়ে শক্তিশালী লঞ্চ ভেহিকেল এলভিএমথ্রি-এম সিক্স রকেটের সাহায্যে এই উৎক্ষেপণ করা হয়। এটি এলভিএমথ্রির ষষ্ঠ উৎক্ষেপণ। এর ফলে নির্ভরযোগ্য ও সুলভে বাণিজ্যিক মহাকাশ উৎক্ষেপণে ভারতের ভূমিকা আরো শক্তিশালী হবে।

উল্লেখ্য, মার্কিন যুক্তরাষ্ট্রের এসটি স্পেস মোবাইল ক্ল বার্ড টু তৈরি করেছে। এটি হল বৃহত্তম বাণিজ্যিক যোগাযোগ রক্ষাকারী উপগ্রহ। মহাকাশ থেকে সরাসরি মোবাইল ব্রডব্যান্ড পরিষেবা দেওয়ার জন্য এটিকে নির্মাণ করা হয়েছে। এর উদ্দেশ্য হলো প্রত্যন্ত এলাকায় স্ট্যান্ডার্ড স্মার্টফোনে ফোর জি বা ফাইভ জি পরিষেবা প্রদান করা।

ইসরো চেয়ারম্যান ভি নারায়ণন এই উৎক্ষেপণকে এখন পর্যন্ত সবচেয়ে ভারী উপগ্রহর উৎক্ষেপণ বলে অভিহিত করেছেন। শ্রী নারায়ণন উল্লেখ করেছেন যে উপগ্রহটি নির্ভুলতার সাথে তার নির্ধারিত কক্ষপথে প্রবেশ করানো হয়েছে, যা ইসরোর জন্য একটি উল্লেখযোগ্য অর্জন।

(বাইট- নারায়ণন)

প্রধানমন্ত্রী এই সফল উৎক্ষেপণের জন্য ইসরোর সঙ্গে যুক্ত সকলকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেছেন, ভারতের যুবসমাজ দেশের মহাকাশ কর্মসূচিকে আরও উন্নত এবং প্রভাবশালী করে তুলেছে। LVM3 ভারী যন্ত্রপাতি নির্ভরযোগ্যভাবে তুলে ধরার কর্মক্ষমতা প্রদর্শনের মাধ্যমে, ISRO গগনযানের মতো ভবিষ্যত কর্মসূচীর ভিত্তি মজবুত করছে, বাণিজ্যিক উৎক্ষেপণ পরিষেবার সম্প্রসারণ করছে এবং বিশ্বব্যাপী অংশীদারিত্ব আরও শক্তিশালী করেছে।

উপরাষ্ট্রপতি C P Radhakrishnan এক বার্তায় বলেছেন, এর মাধ্যমে মহাকাশ প্রযুক্তিতে দেশের নেতৃত্বদানের ক্ষমতা প্রদর্শিত হয়েছে। এই সাফল্যের মাধ্যমে আত্মনির্ভর ভারতের দিকে দেশ আরও একধাপ এগোল।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং স্যাটেলাইট বহনকারী LVM3-M6 এর সফল উৎক্ষেপণের জন্য ইসরোর সকলকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় ডঃ সিং বলেছেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশ বিভিন্ন ক্ষেত্রে সাফল্য অর্জন করছে, মহাকাশ প্রযুক্তিতে ক্রমবর্ধমান দক্ষতা প্রতিফলিত হচ্ছে।

প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংগঠন ডিআরডিও, নতুন প্রজন্মের আকাশ ক্ষেপণাস্ত্র – AKASH NG-র ব্যবহারকারী মূল্যায়ন পরীক্ষা সফলভাবে সম্পন্ন করেছে। এক বিবৃতিতে প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, পরীক্ষা চলাকালীন ক্ষেপণাস্ত্রটি আকাশপথে ভিন্ন পাল্লা ও উচ্চতার নির্দিষ্ট লক্ষ্যবস্তুতে আঘাত হানতে সক্ষম হয়েছে।

উল্লেখ্য, আকাশপথে আসা যেকোনো ধরনের বিপদের মোকাবিলা করতে সক্ষম আকাশ এন জি, দেশের বায়ু প্রতিরক্ষা ক্ষমতাকে আরো সুদৃঢ় করবে। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এই সফল পরীক্ষার জন্য DRDO, বায়ু সেনা এবং প্রতিরক্ষা শিল্প সংস্থাগুলির প্রশংসা করেছে।

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন বিকশিত ভারত: জি রাম জি প্রকল্পে কেন্দ্র ৮৬ হাজার কোটি টাকার পরিবর্তে প্রায় ৯৫ হাজার কোটি টাকা বরাদ্দ করেছে। এই প্রকল্প গ্রামাঞ্চলে কর্মসংস্থানের জন্য সরকারের সুস্থায়ী এক পদক্ষেপ। একটি ইংরেজি দৈনিকে প্রকাশিত নিবন্ধে, শ্রী চৌহান বলেছেন, রাষ্ট্রপতি এই আইনে সম্মতি দিয়েছেন, ফলে বিধিবদ্ধ মজুরি কর্মসংস্থানের গ্যারান্টি ১২৫ দিন পর্যন্ত

বৃদ্ধি পেয়েছে। এই প্রকল্পের অধীনে, রাজ্যগুলি শুধু বাস্তবায়নকারী সংস্থা হিসেবে নয় বরং উন্নয়নের অংশীদার হিসেবে বিবেচনা করা হবে।

মন্ত্রী আরও জানান, এমজিনারেগায়, ইউপিএ সরকার মাত্র দুই লক্ষ ১৩ হাজার কোটি টাকা ব্যয় করে, যেখানে নরেন্দ্র মোদী সরকার আট লক্ষ ৫৩ হাজার কোটি টাকারও বেশি ব্যয় করেছে। ক্যাগের একটি প্রতিবেদনে ২৩টি রাজ্যে চার লক্ষ তেত্রিশ হাজারের বেশি ভুয়ো জব কার্ড, হিসাব বহির্ভূত টাকা তোলা এবং অনিয়মিত কাজের জন্য হাজার হাজার কোটি টাকার অনিয়ম হয়েছে বলে জানান হয়েছে।

রেল লাইনে চলে আসা বন্য প্রাণের দুর্ঘটনা এড়াতে এবার থেকে ভারতীয় রেল এ আই নির্ভর ব্যবস্থাকে শক্তিশালী করছে।হাতি, সিংহ, বাঘ প্রভৃতি বন্য প্রাণ রক্ষায় নির্দিষ্ট দূরত্বের খানিকটা আগেই লোকো পাইলটকে সতর্ক করে দেবে এআই চালিত ক্যামেরা। একোস্টিক ব্যবস্থার সাহায্য কৃত্তিম বুদ্ধিমত্তা হাতির উপস্থিতি আগাম জানতে পারবে। এ ধরনের এআই ক্যামেরা রেল লাইনে বসানোর কাজ শুরু হয়েছে। উত্তর পূর্বাঞ্চল ট্রান্সিয়ার রেলের ১৪১ কিলোমিটারে ট্রেনের সঙ্গে হাতির সংঘর্ষ এড়াতে এই উদ্যোগ নেওয়া হচ্ছে।

স্বাধীনতার পর পশ্চিমবঙ্গের প্রথম মুখ্যমন্ত্রী ডক্টর প্রফুল্ল চন্দ্র ঘোষের ১৩৫ তম জন্মদিন উপলক্ষ্যে আজ বিধানসভায় তাঁর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জানানো হয়। প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে দিনটি পালন করা হচ্ছে। স্বাধীনতা আন্দোলনের সময় বিপ্লবী পুলিন বিহারি দাসের সন্নিধ্যে আসে প্রফুল্ল চন্দ্র ঘোষ। তিনি চাকরি থেকে ইস্তফা দিয়ে যোগ দিয়েছিলেন স্বাধীনতা আন্দোলনে। সত্যাগ্রহ আন্দোলনে অংশগ্রহণ করেছিলেন তিনি। মহাত্মা গান্ধীর আদর্শে অনুপ্রাণিত হয়ে গড়ে তোলেন অভয় আশ্রম।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

মার্কিন যুক্তরাষ্ট্রের ট্রাম্প প্রশাসন এইচ-ওয়ান বি ওয়ার্ক ভিসা বাছাই প্রক্রিয়ায় বড় ধরনের পরিবর্তনের ঘোষণা দিয়েছে। দীর্ঘদিন ধরে প্রচলিত লটারিভিত্তিক পদ্ধতির পরিবর্তে এবার থেকে একটি দক্ষতা বা বহরভিত্তিক বা 'ওয়েটেড সিস্টেম' চালু করা হচ্ছে, যেখানে উচ্চ দক্ষতা ও উচ্চ বেতনের বিদেশি কর্মীদের অগ্রাধিকার দেওয়া হবে। মার্কিন হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ জানিয়েছে, এই পদক্ষেপের মূল লক্ষ্য হলো আমেরিকান কর্মীদের মজুরি, কর্মপরিবেশ এবং চাকরির সুযোগ রক্ষা করা, সেইসঙ্গে এইচ-১বি অস্থায়ী ভিসা কর্মসূচীর স্বচ্ছতা ও কার্যকারিতা আরও জোরদার করা। মার্কিন নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবার মুখপাত্র ম্যাথিউ ট্র্যাগেসার বলেন, এতদিন লটারিভিত্তিক পদ্ধতিতে মার্কিন নিয়োগকারী দ্বারা অনেকেই হেনস্তার শিকার হয়েছেন। এরা তুলনামূলক কম বেতনে বিদেশি কর্মী নিয়োগ করতেন।

রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের জরুরি এক অধিবেশনে কয়েকটি সদস্য রাষ্ট্র মার্কিন যুক্তরাষ্ট্র ও ভেনেজুয়েলার মধ্যে ক্রমবর্ধমান উত্তেজনার আবহে কূটনৈতিক স্তরে আলাপ আলোচনা চালিয়ে যাবার আহ্বান জানিয়েছে। ওয়াশিংটন ভেনিজুয়েলার তেল বহনকারী দুটি জাহাজ আটক করার পর এবং গত সপ্তাহের শেষে আরেকটি ট্যাঙ্কার আটক করার চেষ্টা করার পর সংঘর্ষ আরও তীব্র হয়। ভেনেজুয়েলা অভিযোগ করেছে মার্কিন যুক্তরাষ্ট্র আগ্রাসন অব্যাহত রেখেছে।

বাংলাদেশের নোয়াখালি-হাতিয়া উপ-জেলায় দুই বিবদমান গোষ্ঠীর এলাকার নিয়ন্ত্রণ নেওয়াকে কেন্দ্র করে সংঘর্ষে অন্তত পক্ষে ৫ জনের মৃত্যু হয়েছে। আহত ১০। পুলিশ জানিয়েছে, মেঘনা নদীতে নতুন দেখা দেওয়া একটি দ্বীপকে কেন্দ্র করে সংঘর্ষের সূত্রপাত। কোপা শামসু ওরফে শামসুদ্দিন গোষ্ঠী ও আলাউদ্দিন গোষ্ঠীর মধ্যে দীর্ঘদিন ধরে গভগোল ও সংঘর্ষ চলছিল। গতকালের ঘটনায় উভয় গোষ্ঠীর কয়েকজন নিহত হয়েছে। ৫ জনের মৃত্যুর কথা বলা হলেও স্থানীয় সূত্রে দাবি করা হচ্ছে এই সংখ্যা আরও বাড়তে পারে। পুলিশ উপকূলরক্ষী কর্মীরা গতকাল বিকেলে ঘটনাস্থল পৌঁছয়।

বাংলাদেশে বস্ত্র কারখানার কর্মী হিন্দু যুবক দীপু দাসের বর্বরোচিত হত্যার ঘটনায় প্রতিবাদে এপার বাংলাতেও বিক্ষোভ চলছে। হিন্দুত্ববাদী সংগঠনগুলি আজ রাজ্যের বাংলাদেশ সীমান্তবর্তী এলাকায় 'প্রতিকী অবরোধ' করছে।

উত্তর ২৪ পরগনার বসিরহাটে ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী ঘোজাডাঙ্গায় সনাতনী ঐক্যমঞ্চের তরফে ওল্ড সাতক্ষীরা রোড অবরোধ করা হয়। এর জেরে সারি সারি বাংলাদেশগামী পণ্যবাহী গাড়ি দাঁড়িয়ে পড়ে। যেভাবে বাংলাদেশের ওই যুবককে পিটিয়ে এবং পুড়িয়ে খুন করা হয়েছে, তা' মানবতাকে লজ্জিত করেছে বলে মন্তব্য করেছেন বিক্ষোভকারীরা। খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পৌঁছে বিক্ষোভকারীদের সঙ্গে দীর্ঘ আলোচনার পর

পরিস্থিতি স্বাভাবিক হয়। অন্যন্য জেলার সীমান্তবর্তী এলাকাতেও বিক্ষোভ দেখানো হচ্ছে। বনগাঁর পেট্রাপোল সীমান্তেও হিন্দু সনাতনীদেব পক্ষ থেকে বিক্ষোভ কর্মসূচী শুরু হয়েছে।

এদিকে, গতকালের পর আজ'ও কলকাতায় বাংলাদেশ ডেপুটি হাইকমিশনের সামনে বিক্ষোভ চলছে।

বালুচিস্তানের কেজ জেলায় বেশকিছু পরিবার গতকাল বিক্ষোভে সামিল হয়, তাদের অভিযোগ পাক বাহিনী পরিবারের ৪ সদস্যকে তাদের সঙ্গে যেতে বাধ্য করেছে। মানবাধিকার সংগঠন বালোচ ইয়েকজেটি কমিটি সূত্রে জানা গেছে, এই চারজনকে পাকিস্তানী এজেন্সি ধরে নিয়ে যায়। তাদের সংগঠন জানিয়েছে ওই পরিবারগুলির সদস্যরা গ্রামের রাস্তায় নেমে এসে অপহৃতদের নিরাপদে বাড়ি ফেরার দাবি জানাচ্ছে।

শেয়ার বাজারে আজ দুপুরে স্থিতিশীল লেনদেন হয়েছে। সেনসেব্ল-এর সূচক ২৮ পয়েন্ট কমে ৮৫ হাজার ৪৯৭ এ দাঁড়িয়েছে, নিফটির সূচক ছয় পয়েন্ট বেড়ে ২৬ হাজার ১৮৩ এ দাঁড়িয়েছে। তথ্য প্রযুক্তি শিল্প বিনিয়োগের প্রধান আকর্ষণ ছিল, অন্যদিকে ওষুধ শিল্প এবং এফএমসিজিতে বিনিয়োগে অনীহা দেখা দিয়েছে। পাশাপাশি সংবাদ মাধ্যম, ক্যাপিটাল গুডস এবং টেলিযোগাযোগ শিল্পেও লাভজনক লেনদেন হয়েছে।

হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গ সহ উত্তর-পূর্ব ভারতের একাধিক রাজ্যে ভারী কুয়াশার পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর। দিল্লি, হরিয়ানা, চন্ডিগড়, পাঞ্জাব, ওড়িশা, উত্তরাখন্ড ও উত্তর প্রদেশের কোনো কোনো অংশে আজ ভারী কুয়াশার পূর্বাভাস রয়েছে। বিহারে আজ শৈত্য প্রবাহের পূর্বাভাস দিয়েছে মৌসম ভবন।
